

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 28-09-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলিষ্ঠ ভূমিকা নিয়েছেন।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।
- (৩) কেন্দ্রীয় তথ্য সম্প্রচার ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান, আজ চেন্নাইতে এক পেড় মা কে নাম প্রচারে অংশ গ্রহন করেন।

\*\*\*\*\*

**Yuba Morcha-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলিষ্ঠ ভূমিকা নিয়েছেন। এরফলে উত্তর-পূর্বাঞ্চলের সর্বত্র শান্তির পরিবেশ বিরাজ করছে। আজ আগরতলায় যুব মোর্চার উদ্যোগে সেবা পক্ষকাল কর্মসূচির অঙ্গ হিসাবে আয়োজিত এক রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, বিজেপি'র সেবা পক্ষকাল কর্মসূচি আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চলবে। বিজেপি সারা বছর নানা কার্যক্রমের মধ্য দিয়ে মানুষের পাশে থাকার চেষ্টা করে। শুধু তাই নয় বিজেপির

প্রতিটি কর্মী সেবার মানসিকতা নিয়েই মানুষের সুখে দুঃখে পাশে থাকেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার, বিজেপি'র রামনগর মন্ডল সভাপতি তাপস দেব। উপস্থিত ছিলেন কর্পোরেটর মনোজ দেব রায়, বিজেপি রাজ্য সহ-সভানেত্রী পাপিয়া দত্ত। এই রক্তদান শিবিরে মোট ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার বিবেকানন্দ ব্যায়ামাগারের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। এখানে তিনি বলেন, বর্তমানে রাজ্যে রক্তদান একটি উৎসবে পরিণত হয়েছে। রাজ্যের মানুষ এখন বেশি করে রক্তদানে এগিয়ে আসছেন। তিনি বলেন, বিবেকানন্দ ব্যায়ামাগার রাজ্যের একটি ঐতিহ্যবাহী ব্যায়ামাগার। যেখান থেকে রাজ্যের অনেক ক্রীড়াবিদ ক্রীড়া জগতের বিভিন্ন ক্ষেত্রে দেশ-বিদেশে সুনাম অর্জন করেছেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সেক্রেটারি সুকান্ত ঘোষ, পদ্মশ্রী দীপা কর্মকার। রক্তদান শিবিরে ৩১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **Expired-Arindam Nath :**

প্রয়াত হলেন রাজ্য পুলিশের প্রাক্তন আইজি অরিন্দম নাথ। আজ বেঙ্গালুরুতে সকাল ৯টা ৫৫ মিনিটে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী ও একপুত্র রেখে গেছেন। দীর্ঘদিন ধরে তিনি অসুস্থ ছিলেন। অরিন্দম নাথের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এক শোকবার্তায় তিনি প্রয়াতের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার

পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। মুখ্যমন্ত্রী বলেন, অরিন্দম নাথ একজন ভালো লেখক ও ছিলেন। তাঁর প্রয়ানে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথও গভীর শোক প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

#### **Swacchata Hi Seva :**

স্বচ্ছতাই সেবা প্রচার পর্বে রাজ্য নগরোন্নয়ন দপ্তর এক অভিনব উদ্যোগ নিয়েছে। ফেলে দেওয়া সামগ্রী ও আবর্জনা দিয়ে চিত্তাকর্ষক শিল্পকর্ম গড়ে তোলা হবে। নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পন্থ এ ব্যপারে আকাশবাণীকে বলেন, বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের দিয়ে এইসব শিল্পকর্ম নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। শিল্পকর্মগুলো আগামী দোসরা অক্টোবর আগরতলার উজ্জ্যন্ত প্রাসাদ প্রাঙ্গণে প্রদর্শনের পরিকল্পনা রয়েছে। তিনি বলেন,

#####Byte#####

\*\*\*\*\*

#### **DGP visit :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন আজ জিরানিয়া থানা পরিদর্শন করেছেন। তাঁর সঙ্গে ছিলেন পুলিশ সুপার কিরণ কুমার কে, এডিশনাল এসপি ধ্রুব নাথ, এসডিপিও কমল কৃষ্ণ কলই সহ অন্যান্যরা। আসন্ন শারদীয়া উৎসবের সময় আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার লক্ষ্যেই পুলিশ মহানির্দেশকের এই সফর। তিনি জানান, বর্তমানে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। আসন্ন শারদোৎসবের দিনগুলি সাধারণ মানুষ যাতে নির্বিঘ্নে কাটাতে পারেন তার জন্য পুলিশের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানান তিনি।

\*\*\*\*\*

#### **Swachta Sports School :**

ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ বাধারঘাটের ত্রিপুরা স্পোর্টস স্কুল প্রাঙ্গণে মানব বন্ধনের মাধ্যমে স্বচ্ছতা হি সেবা ২০২৪ কর্মসূচি পালন করা হয়। এই কর্মসূচিতে অংশ নেন ক্রীড়া দপ্তরের আধিকারিকরা। অতিথিরা এই কর্মসূচির তাৎপর্য আলোচনা করার পর বাধারঘাট এলাকায় ম্যারাথন র্যালি, বৃক্ষরোপন এবং সাফাই অভিযান হয়। উপস্থিত ছিলেন ক্রীড়া দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৪তম পর্ব। এই অনুষ্ঠানটি সকাল ১১টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

#### **Ek Ped Maa ke Naam :**

কেন্দ্রীয় তথ্য সম্প্রচার ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান, আজ চেন্নাইতে এক পেড় মা কে নাম প্রচারে অংশ গ্রহন করেন। তিনি সাংবাদিকদের বলেন যে গত ১০বছর ধরে, সরকার দেশের বৃদ্ধি এবং পরিকাঠামো উন্নয়নে আগ্রহী। তিনি বলেন, আগামী ২৫ বছরে এক্সপ্রেস হাইওয়ে, ইন্ডাস্ট্রিয়াল

করিডর এবং সব বন্দর বৃদ্ধির মাধ্যমে উন্নয়নের সুস্পষ্ট পথ দেখানো হয়েছে।

তিনি বলেন, বিমানবন্দরগুলি সবদিক দিয়েই রূপান্তরিত হয়েছে। মন্ত্রী বলেন যে কেন্দ্র তামিলনাড়ুর উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করেছে এবং মেক ইন ইন্ডিয়া প্রকল্পের অধীনে প্রতিরক্ষা সামগ্রী তৈরি এবং অন্যান্য দেশে রপ্তানি বৃদ্ধি করেছে। শ্রী মুরুগান আগামী ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মদিন উপলক্ষে খাদি পরার জন্য জনসাধারণের প্রতি আবেদন জানান।

\*\*\*\*\*

**PM, OROP :**

প্রবীণ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন, জম্মু ও কাশ্মীরের জনগণ তাদের সন্তানদের জন্য শান্তি এবং একটি ভালো ভবিষ্যত চায়। জম্মুতে একটি নির্বাচনী সমাবেশে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, বিধানসভা নির্বাচনের শেষ দুই ধাপে বিপুল ভোট তারই প্রমাণ।

শ্রী মোদী, 'ওয়ান র‍্যাঙ্ক, ওয়ান পেনশন'-এর বিষয়ে কংগ্রেসের সমালোচনা করে বলেন তাঁর সরকার OROP কার্যকর করেছে। তিনি বলেন, এখন পর্যন্ত সেনা পরিবার ১ লক্ষ ২০ হাজার কোটি টাকার বেশি পেয়েছে। জম্মু ও কাশ্মীরে চূড়ান্ত পর্বে আগামী মঙ্গলবার ৪০টি বিধানসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে ২০১৬ সালে আজকের দিনেই ভারত পাকিস্তানের বিরুদ্ধে সার্জিক্যাল স্ট্রাইক করেছিল।

\*\*\*\*\*

**Bhagat Singh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ স্বাধীনতা সংগ্রামী ভগৎ সিংকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী ভগৎ সিং এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন যে তিনি একজন অমর

শহীদ যিনি মাতৃভূমির সম্মান রক্ষা করার জন্য নিজের জীবন উৎসর্গ করেছিলেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে বিপ্লবী ভগৎ সিং শুধুমাত্র উচ্চকণ্ঠে ব্রিটিশ শাসনকে চ্যালেঞ্জ করেননি, দেশের স্বাধীনতা এবং সোনালি ভবিষ্যতের জন্য নিজের জীবনও উৎসর্গ করেছিলেন।

\*\*\*\*\*

#### **Workshop-Teacher :**

বুনিয়াদী শিক্ষা অধিকারের প্রি-প্রাইমারী শাখার উদ্যোগে শিক্ষক-শিক্ষিকাদের দক্ষিণ জেলাভিত্তিক কর্মশালা আজ শান্তিরবাজারে শেষ হয়েছে। এই কর্মশালায় জেলার প্রি-প্রাইমারী শিক্ষক-শিক্ষিকা, এফ এল এন শিক্ষক-শিক্ষিকা এবং একাডেমিক লিডারদের শিক্ষাক্ষেত্রে প্যাপেট্রির ভূমিকা বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। মোট ৭২ জন শিক্ষক-শিক্ষিকা এবং একাডেমিক লিডাররা এই কর্মশালায় অংশগ্রহণ করেন। আজ কর্মশালার শেষ দিনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বুনিয়াদী শিক্ষা অধিকারের অধিকর্তা এন সি শর্মা, প্রি-প্রাইমারী তথা নিপুন ত্রিপুরা শাখার ব্রাঞ্চ অফিসার অভিজিৎ সমাজপতি, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

#### **Blood Donation-SBI :**

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে আজ আগরতলা প্রেস ক্লাবে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৫০ জনের মতো রক্তদান করেন। এসোসিয়েশনের রাজ্য সম্পাদক সঞ্জয় দত্ত বলেন প্রত্যেক বছর স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার অফিসাররা ক্যালেন্ডার কর্মসূচি অনুযায়ী রক্তদান শিবিরের আয়োজন করে থাকে এবং ত্রিপুরায় ১৩ বছর ধরে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অফিসার্স

অ্যাসোসিয়েশনের উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে।

\*\*\*\*\*

#### **World Rabies Day :**

স্বাস্থ্য দপ্তর ও বিশালগড় পুর পরিষদের সহায়তায় সিপাহীজলা জেলা প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ সিপাহীজলা জেলাভিত্তিক বিশ্ব জলাতঙ্ক দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে বিশালগড় নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ে আলোচনা সভায় জলাতঙ্ক রোগ এবং তার প্রতিরোধ ইত্যাদি বিষয়ে সবাইকে সচেতন করা হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের জেলা আধিকারিক ডা: অমল মজুমদার জানিয়েছেন ১০০ শতাংশের মধ্যে ৯১ শতাংশ জলাতঙ্ক রোগের কারণ কুকুরের কামড় ও কুকুরের লাল। জানানো হয় জলাতঙ্ক দিবস উপলক্ষে বাড়ি-ঘরের গৃহপালিত কুকুরের পাশাপাশি বিশালগড় পুর এলাকার পথের কুকুরদের প্রতিষেধক টিকা দেয়া হয়েছে। আজ গৃহপালিত কুকুর ও বিড়ালের জন্য আয়োজিত স্বাস্থ্য শিবিরে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। কর্মসূচিতে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সোনা মুড়া মহকুমা আধিকারিক ডা: সঞ্জয় দে, বিশালগড় মহকুমা আধিকারিক ডা: কল্যাণ রায়, স্বাস্থ্য দপ্তরের চিকিৎসক ডা: সুশান্ত পাল্ডা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Hilsa Import :**

শারদোৎসব উপলক্ষ্যে বাংলাদেশ থেকে ভারতে ইলিশ মাছ আমদানি শুরু হয়েছে। গত দুই দিনে প্রায় ১১ টন ইলিশ মাছ আগরতলা আইসিপি দিয়ে রাজ্যে এসে পৌঁছেছে বলে জানিয়েছেন আইসিপির ভারপ্রাপ্ত আধিকারিক দেবশীষ নন্দী। তিনি জানান আগামী ১১ই অক্টোবর পর্যন্ত বাংলাদেশ থেকে ইলিশ মাছ আমদানি করা হবে। কৈলাশহর এবং খোয়াই চেকপোস্ট

দিয়েও ইলিশ মাছ বাংলাদেশ থেকে আমদানি করা হবে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Press Meet-BJP :**

সম্প্রতি মন্ত্রিসভার বৈঠকে বিভিন্ন সরকারি দপ্তরে ১,২৬৭টি পদে নিয়োগ ও ১৯৩টি নতুন পদ সৃষ্টি করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে প্রদেশ বিজেপি। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে সরকারের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন দলের মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য।

\*\*\*\*\*

#### **Health Camp :**

আগরতলার উত্তর যোগেন্দ্রনগরের মহাশক্তি সংঘ গৃহে আজ এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন পুর নিগমের কর্পোরেটর নন্দদুলাল দেবনাথ। উপস্থিত ছিলেন পূর্ব যোগেন্দ্রনগর আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের বিশিষ্ট চিকিৎসক ডাঃ পার্থপ্রতীম নাথ ও কিরণজিত ভৌমিক। এই শিবিরে দেড় শতাধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেবার পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Ganja-Agartala :**

পশ্চিম জেলার পুলিশ সুপার ডঃ কিরন কুমার কে জানিয়েছেন, আজ আগরতলার চন্দ্রপুরে এক লরিতে তল্লাশি চালিয়ে ৩৫৫ কিলো গাজা বাজেয়াপ্ত করা হয়েছে। এই গাজার বাজারমূল্য ৭০ লক্ষ টাকারও বেশি। লরিতে ৪৫ প্যাকেটে এই গাজা রাজ্যের বাইরে পাচারের জন্য মজুত করা হয়েছিল। পুলিশ গাড়ি চালককে গ্রেপ্তার করেছে।

\*\*\*\*\*



**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*